

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 18-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Parikhsha pe Charcha :

পরীক্ষা পে চর্চা ২০২৫-এর একটি নতুন পর্ব আজ শুরু হচ্ছে। এই পর্বে, বিভিন্ন বোর্ড এবং পরীক্ষার বেশ কয়েকজন টপার ছাত্রছাত্রী বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের পরীক্ষার চাপ, উদ্বিগ্ন এবং চাপের মধ্যে শীতল থাকার বিষয়ে তাদের চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে আসন্ন ভিডিওটি শেয়ার করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এই 'পরীক্ষা পে চর্চা' পর্বে, পরীক্ষার যোদ্ধারা কীভাবে তারা পরীক্ষার চাপ এবং উদ্বিগ্নকে সফলভাবে কাটিয়ে উঠেছে সে সম্পর্কে তাদের অভিজ্ঞতা ভাগ করে নেবে।

PM Asha Project :

সরকার, সুসংহত প্রধানমন্ত্রী অন্নদাতা আয় সংরক্ষণ অভিযান-পি এম আশা প্রকল্প, ২০২৫-২৬-এ পঞ্চদশ অর্থ কমিশনের মেয়াদ পর্যন্ত চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত অনুমোদন করেছে। এর ফলে সরকারী মূল্য সহায়ক প্রকল্পের আওতায় অড়হর, বিউলি ও মসুর ডাল সংগ্রহের অনুমতি পাওয়া গেল। ২০২৪-২৫ বর্ষে এই সংগ্রহের পরিমাণ হবে রাজ্যের ১০০ শতাংশ উৎপাদনের সমতুল্য। এর ফলে দেশে ডালের উৎপাদন আরও বৃদ্ধি পাবে এবং আমদানির ওপরে নির্ভরতা কমানোও সম্ভব হবে বলে আশা করা হচ্ছে।

FPO Mela-Ratan Lal Nath :

আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে গতকাল থেকে কৃষি ও কৃষক কল্যান দপ্তরের উদ্যোগে তিন দিন ব্যাপি এফ পি ও অর্থাৎ কৃষক উৎপাদন সংগঠন মেলা শুরু হয়েছে। কৃষিমন্ত্রী রতন লাল নাথ এই মেলার উদ্বোধন করে বলেন, কেন্দ্রীয় সরকার কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষি পন্যের বাজার তৈরি ও কৃষি পন্যের মধ্যস্বত্বভোগীর দৌরাহ্ন রুখতে কৃষক উৎপাদন সংগঠন বা FPO উন্নয়ন প্রকল্প তৈরি করে। তিনি জানান এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে কৃষির বিরাট ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার প্রমুখ।

TSECL :

রাজ্যে বিদ্যুৎ ব্যবস্থাকে আরো উন্নত এবং নিরবচ্ছিন্নভাবে গ্রাহকদের মধ্যে বিদ্যুৎ বিতরণ ক্ষমতা শক্তিশালী করতে গতকাল রাজ্য বিদ্যুৎ নিগম এবং এনআইটি আগরতলার মধ্যে একটি সমঝোতা পত্র স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা পত্রের মাধ্যমে দুই প্রতিষ্ঠানের মধ্যে বিদ্যুৎ সম্পর্কিত জ্ঞান এবং প্রযুক্তির ভাগাভাগি, গবেষণা সহযোগিতা জোরদার করার লক্ষ্য নেওয়া হয়েছে।

TBSE :

এ বছর ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২১ হাজার ৫৭৫ জন। এর মধ্যে ফাজিল পরীক্ষায় বসবে উনিশ জন এবং থিওলজি পরীক্ষায় বসবে ৪৯ জন। মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২৯ হাজার ৭৮১ জন। এর মধ্যে মাদ্রাসা আলিম পরীক্ষার্থী রয়েছে ১১১ জন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণ চৌধুরী আকাশবাণীকে এখবর জানান।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১১৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum -এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়া TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Ayush Ministry :

আয়ুশ মন্ত্রক ২০২৫ সালের আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে প্রধানমন্ত্রীর যোগ পুরস্কারের জন্য মনোনয়নের ঘোষণা করেছে। আবেদনকারী ব্যক্তিদের বয়স ৪০ বছর বা তার বেশি হতে হবে এবং যোগ প্রচারে কমপক্ষে ২০ বছর একনিষ্ঠ অবদান থাকতে হবে। আবেদন এবং মনোনয়ন এই বছরের ৩১শে মার্চের মধ্যে MyGov প্ল্যাটফর্মের মাধ্যমে জমা দেওয়া যেতে পারে।

Public Awareness :

কিশোরী বয়সে বিবাহ, কিশোরীকালীন মাতৃস্বের ঝুঁকি এবং সামাজিক প্রভাব সম্পর্কে জনসচেতনতা বাড়াতে গতকাল বীরচন্দ্র মনু শহীদ স্মৃতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন সালথাংমনু এডিসি গ্রামের মধ্যটিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এবং দক্ষিণ তাকমা এডিসি গ্রামের মুসলিম পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সচেতনতামূলক নাটক মঞ্চস্থ করা হয়। তাছাড়া দক্ষিণ তাকমার মুসলিম পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে একই বিষয়ে সচেতনতামূলক বক্তব্য রাখেন দক্ষিণ তাকমা আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার গৌতম সরকার।

CPIM :

সি.পি.আই.এমের উদ্যোগে ১৩ দফা দাবির ভিত্তিতে গতকাল সিপাহীজলা জেলার কাঠালিয়া ব্লক অফিসে বিডিওর কাছে ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশন শেষে একটি মিছিল ব্লক অফিস থেকে কাঠালিয়া বাজার পর্যন্ত পরিক্রমা করে। বাজারে আয়োজিত সভায় বক্তব্য রাখেন সি.পি.আই.এম রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য রতন সাহা, বিধায়ক শ্যামল চক্রবর্তী প্রমুখ।

Weather :

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। রাজ্যের কিছু কিছু স্থানে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।
